

পাঠ্যপুস্তকটির ব্যবহারবিধি

এই পাঠ্যপুস্তকের বৈশিষ্ট্য

Irodori জাপানে আপনার দৈনন্দিন জীবনে করতে পারা বিষয়কে বৃদ্ধি করে।

“IRODORI দৈনন্দিন জীবনের জন্য জাপানি ভাষা” হল জাপানে বসবাসকারী বা ভবিষ্যতে জাপানে বসবাস করা ব্যক্তির জন্য একটি জাপানি ভাষার পাঠ্যপুস্তক। কাজ করা, কেনাকাটা করা, বেড়াতে যাওয়া, খাওয়া-দাওয়া করা এবং অন্যান্য ব্যক্তিদের সাথে মিথস্ক্রিয়া সহ জাপানের বিভিন্ন ধরনের দৈনন্দিন পরিস্থিতিতে প্রয়োজনীয় জাপানি ভাষা শিক্ষাদান করে।

এই পাঠ্যপুস্তকের লক্ষ্য হল জাপানে বাস্তব জীবনের পরিস্থিতিতে জাপানি ভাষা ব্যবহার করতে সক্ষম হওয়ার বিষয়কে বৃদ্ধি করা। এগুলোকে “Can-do” বলা হয়। পাঠ্যপুস্তকটির লক্ষ্য হল, “Can-do” ভিত্তিক শিক্ষার মাধ্যমে জাপানের দৈনন্দিন জীবনের জন্য যোগাযোগ দক্ষতা তৈরি করা।

Irodori-র মাধ্যমে আপনি জাপানি ভাষার A1 / A2 লেভেলের দক্ষতা অর্জনে সক্ষম হবেন

Irodori তিনটি অংশ নিয়ে গঠিত: সূচনা (*1), প্রাথমিক ১, এবং প্রাথমিক ২। সূচনা JF জাপানি ভাষা শিক্ষার জন্য স্ট্যান্ডার্ডের (*2) A1 লেভেল এবং প্রাথমিক ১ ও প্রাথমিক ২, A2 লেভেলের সাথে সম্মতিপূর্ণ। A1 লেভেলে, শিক্ষা গ্রহণ করা অভিব্যক্তি ব্যবহার করে খুব সহজ উপায়ে সম্ভাষণ জানানো এবং যোগাযোগ করা যায়। A2 লেভেলে, পরিচিত বিষয় নিয়ে সংক্ষিপ্ত, মৌলিক দৈনন্দিন কথোপকথন চালিয়ে যাওয়া যায়।

* JF জাপানি ভাষা শিক্ষার জন্য স্ট্যান্ডার্ড A1 থেকে C2 পর্যন্ত, ছয়টি ধাপে বিভক্ত। এগুলি ইউরোপ কাউন্সিলের CEFR এর মতো একই।


A1 লেভেল

- সুনির্দিষ্ট চাহিদা মেটানোর লক্ষ্যে, পরিচিত দৈনন্দিন অভিব্যক্তি ও খুব মৌলিক বাক্যাংশ বোঝা এবং ব্যবহার করা যায়।
- নিজেকে ও অন্য ব্যক্তিকে পরিচয় করিয়ে দেওয়া যায় এবং কোথায় বাস করা হয়, কার সাথে পরিচিত, অধিকারভুক্ত বস্তু ইত্যাদি সম্পর্কিত প্রশ্ন করা বা উত্তর প্রদান করা যায়।
- অন্য ব্যক্তি ধীরে ধীরে এবং স্পষ্টভাবে কথা বলে, সাহায্য করার জন্য প্রস্তুত থাকলে, সহজ ভাষায় মিথস্ক্রিয়া করা যায়।

A2 লেভেল

- সরাসরি প্রাসঙ্গিক ক্ষেত্রের সাথে সম্পর্কিত (যেমন খুব মৌলিক ব্যক্তিগত ও পারিবারিক তথ্য, কেনাকাটা, স্থানীয় বিষয় সম্পর্কিত, কর্ম-সংস্থান) বাক্য এবং প্রায়শই ব্যবহৃত অভিব্যক্তি বোঝা যায়।
- সাধারণ ও গতানুগতিক পরিসরের মধ্যে, পরিচিত ও নিত্যনৈমিত্তিক বিষয় সম্পর্কিত তথ্য বিনিময় করা যায়।
- নিজের পটভূমির বিভিন্ন দিক, তাৎক্ষণিক পরিবেশ ও তাৎক্ষণিক প্রয়োজনের ক্ষেত্রের বিষয়কে সহজ ভাষায় বর্ণনা করা যায়।

JF জাপানিজ ল্যাঙ্গুয়েজ
স্ট্যান্ডার্ড [নতুন সংস্করণ]
ব্যবহারকারীর জন্য গাইড বুক



■ Irodori এর ভিত্তি হল, “JF জীবন যাপনের জন্য জাপানি ভাষা Can-do”।

জাপান ফাউন্ডেশনের “JF জীবন যাপনের জন্য জাপানি ভাষা Can-do” ২০১৯ সালে ঘোষণা করা হয়েছিল। এই “Can-do”, “নির্দিষ্ট দক্ষ শ্রমিক” হিসেবে জাপানে আসা মাতৃভাষা জাপানি নয় এমন জাপানি ভাষা বলা ব্যক্তির জন্য, জাপানের দৈনন্দিন পরিস্থিতিতে প্রয়োজনীয় মৌলিক জাপানি ভাষায় যোগাযোগের দক্ষতাকে বর্ণনা করে। Irodori এইসব Can-do এর উপর ভিত্তির উপর তার লক্ষ্য স্থাপন করেছে বিধায় এই পাঠ্যপুস্তকটি ব্যবহার করে, জাপানের দৈনন্দিন জীবনের জন্য মৌলিক যোগাযোগের দক্ষতা অর্জন করা যায়। Irodori জাপানে আসার আগে অধ্যয়নের জন্য বা জাপান ফাউন্ডেশন টেস্ট ফর বেসিক জাপানিজ (JFT-Basic) এর প্রস্তুতির জন্য ব্যবহার করা যায়, যা কিনা এই যোগাযোগের দক্ষতাকে পরিমাপ করে।

■ Irodori প্রচুর অডিও ও প্রকৃত উপকরণ দিয়ে ব্যবহারিক জাপানি ভাষার দক্ষতা তৈরি করে।

Irodori শোনার ইনপুটের উপর জোর দিয়ে থাকে। বাস্তব জীবনের পরিস্থিতিতে এটি ব্যবহার করতে সক্ষম হওয়ার জন্য প্রচুর জাপানি ভাষা শোনা গুরুত্বপূর্ণ। অতএব, Irodori-তে পর্যাপ্ত অডিও ফাইল অন্তর্ভুক্ত করা হয়েছে। এছাড়াও, পড়া এবং লেখার কর্মকাণ্ডকে প্রকৃত বা আধা-প্রকৃত উপকরণের উপর ভিত্তি করে তৈরি করা হয়, যা কিনা প্রকৃতপক্ষে জাপানের দৈনন্দিন জীবনে ব্যবহৃত হয়, তাই বাস্তব জীবনের কাছাকাছি পরিস্থিতিতে জাপানি ভাষা অনুশীলন করা যায়। এই অডিও ফাইল ও উপকরণের সাহায্যে, অবিলম্বে ব্যবহার সম্ভব এমন ব্যবহারিক জাপানি ভাষা শেখা যায়।

■ Irodori দৈনন্দিন জীবনের সাথে ঘনিষ্ঠভাবে সংযুক্ত বিভিন্ন বিষয়কে অন্তর্ভুক্ত করে

Irodori নির্দিষ্ট বিষয়ের উপর ভিত্তি করে রচনা করা হয়েছে। প্রতিটি পাঠ জাপানের দৈনন্দিন জীবনের সাথে যুক্ত বিভিন্ন বিষয় নিয়ে কাজ করে। আপনি শুধুমাত্র জাপানি ভাষা অধ্যয়ন করবেন না - জাপানের দৈনন্দিন জীবন ও জাপানি প্রেক্ষাপটের সাথে যুক্ত বিভিন্ন বিষয়ের মাধ্যমে জাপানি জীবন এবং সংস্কৃতির অভিজ্ঞতাও অর্জন করবেন। জাপানের দৈনন্দিন জীবনের জন্য দরকারী তথ্যের একটি বিভাগও রয়েছে।

■ Irodori ব্যাকরণ এবং কাঞ্জির মতো ভাষার জ্ঞান অর্জনের জন্য যথেষ্ট সহায়তা প্রদান করে।

এই পাঠ্যপুস্তকের লক্ষ্য হল, বাস্তব জীবনে যোগাযোগ করার সময়, জাপানি ভাষা ব্যবহার করতে সক্ষম হওয়া, তাই ব্যাকরণ, শব্দ বা কাঞ্জি অধ্যয়ন করা এর লক্ষ্য নয়। তবে, Can-do এর জন্য এই উপাদানের প্রয়োজন রয়েছে বিধায়, Irodori যোগাযোগের প্রেক্ষাপটে সেগুলো সম্পর্কে যথেষ্ট জ্ঞান প্রদান করে। Irodori সাধারণ প্রাথমিক লেভেলের জাপানি ভাষা শিক্ষার উপকরণ দ্বারা পরিচালিত প্রচুর ব্যাকরণ, শব্দ এবং কাঞ্জি অন্তর্ভুক্ত করে।

■ Irodori অনলাইনে ডাউনলোড করা যায়।

Irodori অনলাইনে পাওয়া যায় বিধায় বিশ্বের যে কোনো জায়গা থেকে ডাউনলোড করা যায়। এটি পিডিএফ ফাইল হিসাবে সরবরাহ করা হয়েছে বিধায়, এটিকে মুদ্রণ করা বা ট্যাবলেট বা স্মার্টফোনে দেখতে পারা যায়। অডিও ডাউনলোড করা বা শুনা যায়।

■ Irodori মারুগোটোর সাথে কিছুটা সম্পৃক্ততা রয়েছে।

Irodori এর প্রতিটি পাঠের বিষয় ও ব্যাকরণের পয়েন্ট, বিদেশী শিক্ষার্থীদের জন্য জাপান ফাউন্ডেশন কর্তৃক তৈরি জাপানি কোর্সবুক “Marugoto: জাপানি ভাষা এবং সংস্কৃতির” সাথে শিথিলভাবে সংযুক্ত। Irodori এবং Marugoto একসাথে ব্যবহার করা যায় এবং Irodori অধ্যয়ন করার সময় পরিপূরক হিসাবে Marugoto এর কিছু অংশ ব্যবহার করা যায় অথবা Irodori অধ্যয়নের জন্য Marugoto + (Marugoto প্লাস) এর মতো Marugoto সম্পর্কিত ওয়েবসাইট ব্যবহার করা যায়।

■ Irodori যোগাযোগ এবং সংস্কৃতি বোঝাপড়ার মাধ্যমে মানুষের মধ্যকার পারস্পরিক বোঝাপড়াকে লক্ষ্য হিসাবে নিয়েছে।

Irodori এর সাথে শেখার সামগ্রিক লক্ষ্য হল, মানুষের মধ্যকার পারস্পরিক বোঝাপড়া, যা কিনা JF জাপানি ভাষা শিক্ষার জন্য স্ট্যান্ডার্ডের মৌলিক দর্শন। Irodori জাপানি ভাষায় যোগাযোগের দক্ষতা এবং আন্তঃসাংস্কৃতিক দক্ষতা বিকাশে অবদান রাখে। এই দক্ষতার মাধ্যমে, জাপানে জীবন শুরু করা বা ইতিমধ্যে জাপানে বসবাস করা ব্যক্তি নিজেদের প্রকাশ করতে পারে, একে অপরকে ভালভাবে জানতে পারে ও মিথস্ক্রিয়া করতে পারে, যা কিনা পারস্পরিক বোঝাপড়ার দিকে পরিচালিত করে।

এই পাঠ উপকরণের কাঠামো

Irodori তিনটি অংশ নিয়ে গঠিত: সূচনা (A1)*, প্রাথমিক ১ (A2), এবং প্রাথমিক ২ (A2)। এই সকল শেখার উপকরণের প্রতিটিতে নিচের বিষয়বস্তু রয়েছে:

মূল বই (পিডিএফ)

প্রচ্ছদ

পাঠকের জন্য বার্তা (জাপানি, ইংরেজি)	এই পাঠ্যপুস্তকটি ব্যবহার করার পদ্ধতি (জাপানি, ইংরেজি)
-------------------------------------	---

সূচিপত্র (জাপানি, ইংরেজি)

পাঠ ১ থেকে ১৮

কর্মকাণ্ড	লিসেনিং স্ক্রিপ্ট	কাঞ্জি শব্দ	ব্যাকগের জন্য নোট	জাপানে জীবনযাপনের জন্য টিপস
-----------	-------------------	-------------	-------------------	-----------------------------

Can-do চেক

প্রকাশনার তথ্য

অডিও ফাইল (MP3)

পাঠ ১ থেকে ১৮

অন্যান্য শিক্ষণ উপকরণ এবং উপাদান*

উত্তর	শব্দের তালিকা	শিক্ষাদানের গাইড
অন্যান্য		

* সংযুক্ত শিক্ষণ উপকরণ ক্রমানুসারে প্রকাশ করা হবে।

এই পাঠ উপকরণের ব্যবহারবিধি

1 কীভাবে প্রতিটি পাঠকে সংগঠিত করা হয়েছে

সূচনা, প্রাথমিক ১ এবং প্রাথমিক ২ এর প্রতিটিতে নয়টি করে আলোচ্য বিষয় রয়েছে এবং আলোচ্য বিষয়কে ১৮ টি পাঠে সংগঠিত করা হয়েছে। প্রতিটি পাঠের জন্য প্রস্তাবিত সময় প্রায় ১৫০ থেকে ১৮০ মিনিট। তবে, প্রতিটি পাঠের জন্য কর্মকাণ্ডের সংখ্যা ভিন্নতর বিধায়, অনুগ্রহ করে পাঠের সময়কে সেগুলোর সাথে সমন্বয় করুন।

প্রতিটি পাঠকে নিম্নরূপে সংগঠিত করা হয়েছে:

- আলোচ্য বিষয়ের নাম এবং পাঠের শিরোনাম

- প্রস্তাবনামূলক প্রশ্ন

পাঠের থিম সম্পর্কে পরিষ্কার চিত্র পেতে সহায়তা করার জন্য এই প্রশ্নগুলি প্রদান করা হয়েছে। আপনার নিজের অভিজ্ঞতার দিকে ফিরে তাকান এবং ক্লাসে সে সম্পর্কে কথা বলুন।

- কর্মকাণ্ড

এই কর্মকাণ্ড Can-do অর্জনে সহায়তা করে এবং এই পাঠ্যপুস্তকের প্রধান অংশ। প্রতিটি পাঠে ৩ থেকে ৬ টি কর্মকাণ্ড রয়েছে। সেগুলো বাস্তব জীবনে ব্যবহার করা যায় এমন জাপানি ভাষা শিখতে সাহায্য করবে।

- লিসেনিং স্ক্রিপ্ট

- কাঞ্জি শব্দ

কর্মকাণ্ডে আবির্ভূত হওয়া কাঞ্জি শব্দ অধ্যয়ন করা।

- ব্যাকরণের জন্য নোট

প্রতিটি পাঠে অধ্যয়ন করা ব্যাকরণ এবং অভিব্যক্তির ব্যাখ্যা।

- জাপানে জীবনযাপনের জন্য টিপস

কর্মকাণ্ডে আবির্ভূত হওয়া জাপানি সংস্কৃতি এবং প্রেক্ষাপট সম্পর্কিত ব্যাখ্যা।





The image displays several sample pages from the textbook, organized into seven categories with labels:

- আলোচ্য বিষয়ের নাম এবং পাঠের শিরোনাম:** A page with a title and a main heading.
- রশাবনামূলক প্রশ্ন:** A page with a list of questions related to the theme.
- কর্মকাণ্ড:** A page with a list of activities and instructions.
- কাঞ্জি শব্দ:** A page with a list of kanji characters and their meanings.
- লিসেনিং স্ক্রিপ্ট:** A page with a listening script and multiple-choice questions.
- ব্যাকরণের জন্য নোট:** A page with a grammar note and examples.
- জাপানে জীবনযাপনের জন্য টিপস:** A page with tips for living in Japan, including photos and text.

2 কর্মকাণ্ড এবং ধাপ

(১) কর্মকাণ্ডের ধরন এবং লক্ষ্য

প্রতিটি পাঠে চার ধরনের কর্মকাণ্ড রয়েছে: কথা বলা, শোনা, পড়া এবং লেখা। প্রতিটি কর্মকাণ্ড স্বনির্ভর হলেও সেগুলি একটি পাঠের মধ্যে শিথিলভাবে সম্পর্কিত। প্রতিটি পাঠে কর্মকাণ্ডের সংখ্যা, ধরন এবং বিন্যাস আলাদা হলেও সামগ্রিকভাবে অনেক কথা বলার কর্মকাণ্ড রয়েছে। চার ধরনের কর্মকাণ্ডের সামগ্রিক লক্ষ্য হল:

	কর্মকাণ্ড	লক্ষ্য হল পরিচিত পরিস্থিতিতে প্রশ্ন করা ও উত্তর প্রদান করতে সক্ষম হওয়া, সেইসাথে নিজের সম্পর্কে ও জানা বস্তু সম্পর্কে সহজ ব্যাখ্যা প্রদান করা।
	শোনা	লক্ষ্য হল দৈনন্দিন কথোপকথনের গুরুত্বপূর্ণ অংশগুলি বুঝতে সক্ষম হওয়া এবং সাধারণ সংবাদ, সরকারি ঘোষণা ও অনুরূপ সম্প্রচার থেকে প্রয়োজনীয় তথ্য অর্জন করা।
	পড়া	লক্ষ্য হল, ঘোষণা, সরকারি সুবিধায় পোস্ট করা নোটিশ ও রেস্টোরাঁ'য় মেনুর মতো প্রাত্যহিক জীবনে লিখিত পাঠ্য থেকে প্রয়োজনীয় তথ্য অর্জন করা, সেইসাথে জাপানি নয় এমন বাসিন্দাদের জন্য সাধারণ জাপানি ভাষায় লেখা প্যামফলেটের বিষয়বস্তু পড়ে বুঝতে পারা।
	লেখা	লক্ষ্য হল, দৈনন্দিন জীবনের জন্য প্রয়োজনীয় ফর্ম পূরণ করা, বন্ধু ও অন্যান্য ব্যক্তির নিকট বার্তা প্রেরণ করার দক্ষতা অর্জন করা এবং নিজের পরিচিত বস্তু সম্পর্কে সাধারণ সোশ্যাল মিডিয়া পোস্ট তৈরি করা।

(২) সকল কর্মকাণ্ডের সাধারণ ধাপ

প্রতিটি কর্মকাণ্ডের নিচের ধাপ রয়েছে:

1 Can-do এর লক্ষ্য

কর্মকাণ্ডের উদ্দেশ্য বোঝার জন্য সেই কর্মকাণ্ডের Can-do দেখা।

2 কর্মকাণ্ড

কথা বলা, শোনা, পড়া বা লেখার কর্মকাণ্ড করুন।

3 Can-do চেক

নিজের মূল্যায়ন করার জন্য বইয়ের শেষে Can-do চেকটি ব্যবহার করুন। কতটা ভালোভাবে Can-do অর্জন করেছেন, তা নিজের জন্য পরীক্ষা করা উচিত। মস্তব্য বিভাগে কর্মকাণ্ড সম্পর্কে আপনার ধারণা, এরপর করতে চাওয়া বিষয় এবং এমন অনেক কিছু লিখতে পারবেন। প্রতিবার একটি কর্মকাণ্ড শেষ করার সময় Can-do চেকটি পূরণ করতে পারবেন অথবা সেই পাঠের শিক্ষা শেষ করার পরে তা করতে পারবেন।



Can-do チェック いろいろ1 (A2)

活動	Can-do	評価
レストランで働いています I work in a restaurant.		
1. お久しぶりです	久しぶりに会った人とあいさつをすることができる。 Can exchange greetings with a person you are meeting for the first time in a long time.	☆☆☆

初級1 Can-doチェック-1 ©The Japan Foundation

(৩) কথা বলা, শোনা, পড়া এবং লেখার কর্মকাণ্ডের জন্য নির্দিষ্ট ধাপ



কথা বলার কর্মকাণ্ড

১ Can-do এর লক্ষ্য

২ শব্দের জন্য প্রস্তুতি

নিচের ধাপগুলো অনুসরণ করে কর্মকাণ্ডের জন্য প্রয়োজনীয় শব্দগুলি অধ্যয়ন করুন। (কিছু কর্মকাণ্ডের এইগুলি রয়েছে এবং কিছু কর্মকাণ্ডের এইগুলি নেই।)

১. চিত্র দেখার সময় অডিওটি শুনুন এবং শব্দের অর্থ নিশ্চিত করুন
২. অডিওটি শুনুন এবং শব্দটি পুনরাবৃত্তি করুন
উদ্দেশ্য হল উচ্চারণ পরীক্ষা করা, শব্দ মুখস্থ করা নয়।
৩. অডিওটি শুনুন এবং বিষয়বস্তুর সাথে মেলে এমন চিত্রটি নির্বাচন করুন
শব্দটি শোনার সাথে সাথে অর্থ বুঝতে পেরেছেন কিনা, তা নিশ্চিত করুন। উদ্দেশ্য হল অভিব্যক্তির সাথে অর্থকে সংযুক্ত করতে সক্ষম হওয়া।

৩ উদাহরণমূলক কথোপকথন শুনুন

এই কর্মকাণ্ডের উদ্দেশ্য হল কথা বলা হলেও, প্রথমে উদাহরণমূলক কথোপকথন শুনে, বিষয়বস্তু মোটামুটিভাবে বুঝার প্রয়োজন রয়েছে। এই ধাপের জন্য ব্যাকরণ এবং অভিব্যক্তি সম্পর্কে বিস্তারিতভাবে বোঝার প্রয়োজন নেই। কর্মকাণ্ডের উপর নির্ভর করে, বিভিন্ন পরিস্থিতিতে কয়েকটি ছোট উদাহরণমূলক কথোপকথন শুনবেন অথবা একটি পরিস্থিতিতে একটি দীর্ঘ উদাহরণের কথোপকথন শুনবেন। সাধারণত, বেশ কয়েকটি ছোট কথোপকথন থাকলে মূল পাঠ্যটিতে কোনও স্ক্রিপ্ট থাকবে না, তবে পিছনে একটি "লিসেনিং স্ক্রিপ্ট" থাকবে। কোন দীর্ঘ কথোপকথন থাকলে মূল পাঠ্যটিতে একটি "স্ক্রিপ্ট" থাকবে। এগুলির প্রতিটির জন্য ধাপগুলি নিম্নরূপ:

● ডায়ালগ (কথোপকথন) স্ক্রিপ্ট অন্তর্ভুক্ত না থাকার ক্ষেত্রে

১. শোনার আগে, এটি কোন ধরনের পরিস্থিতি এবং কোন বিষয়ে কথা বলা হচ্ছে, তা নিশ্চিত করুন
২. প্রশ্নের উত্তর প্রদান করার সময় কথোপকথনটি শুনুন এবং মূল বিষয়বস্তুটি বুঝুন
৩. যেকোনো নতুন শব্দ ও অভিব্যক্তির অর্থ পরীক্ষা করার পরে, কথোপকথনটি আবার শুনুন এবং বিষয়বস্তুকে আরও বিশদভাবে বুঝুন

● ডায়ালগ (কথোপকথন) স্ক্রিপ্ট অন্তর্ভুক্ত

১. শোনার আগে, এটি কোন ধরনের পরিস্থিতি এবং কে কার সাথে কথা বলছে, তা নিশ্চিত করুন
২. স্ক্রিপ্টটি না দেখে শুনে এবং প্রশ্নের উত্তর প্রদান করার সময় বিষয়বস্তুটি মোটামুটিভাবে বুঝুন
৩. আরও বিশদভাবে বুঝতে স্ক্রিপ্টটি দেখার সময় শুনুন। এটি করার সময় যে কোনো নতুন শব্দ এবং অভিব্যক্তির অর্থ একসাথে নিশ্চিত করুন

3. 田舎に帰って家族でお祝いします
田舎の家族の集まりについて、場面を推測することができます。
正しいものを1つだけ選び、その番号を1つだけ記入してください。

2. 何をしていますか。
何をしていますか。

1. 何をしていますか。
何をしていますか。

3. 何をしていますか。
何をしていますか。

初級2 | 9 - 8 | ©The Japan Foundation

3. 祭りを観に行きましょう。
祭りを観に行きましょう。

1. 何をしていますか。
何をしていますか。

2. いつ行きますか。
いつ行きますか。

3. 何をしていますか。
何をしていますか。

初級2 | 9 - 9 | ©The Japan Foundation

4 ফর্মের উপর মনোযোগ দেওয়া

Can-do অর্জনের জন্য প্রয়োজনীয় ব্যাকরণ এবং অভিব্যক্তি অধ্যয়ন করুন।

১. ব্যাকরণ এবং অভিব্যক্তির উপর মনোযোগ দিন

উদাহরণমূলক কথোপকথনে, মনোযোগ দেওয়া প্রয়োজন এমন ব্যাকরণ ও অভিব্যক্তিকে আন্ডারলাইন করে ফাঁকা জায়গা রাখা হয়েছে।

অডিওটি শুনুন এবং ভাষাগত ফর্মের উপর মনোযোগ দিয়ে শূন্যস্থান পূরণ করুন

২. ব্যাকরণ এবং অভিব্যক্তির অর্থ ও ব্যবহার সম্পর্কে চিন্তা করুন

ব্যাকরণ ও অভিব্যক্তির অর্থ এবং সেগুলো ব্যবহার করার পদ্ধতি সম্পর্কে চিন্তা করতে সাহায্য করার জন্য প্রশ্নের উত্তর প্রদান করুন। প্রথমে শিক্ষক কর্তৃক ব্যাকরণের ব্যাখ্যা প্রদান করার পরিবর্তে, শিক্ষার্থী নিজেরাই এই বিষয়ে চিন্তা করে জাপানি ভাষার নিয়ম-গুলি আবিষ্কার করা উচিত।

➔ এরপরে, "ব্যাকরণের জন্য নোট" উদাহরণমূলক বাক্য এবং ব্যাখ্যা পড়ে নিশ্চিত করুন।

৩. ব্যবহৃত অভিব্যক্তির উপর মনোযোগ দিয়ে উদাহরণমূলক কথোপকথনটি আবার শুনুন

উদাহরণমূলক কথোপকথনটি আরও একবার শুনুন এবং কথোপকথনে ব্যাকরণ ও অভিব্যক্তিকে কীভাবে ব্যবহার করা হয়েছে, তা পরীক্ষা করুন।

(3) この話を聞いて、正しいことを書きましょう。(30分)

Listen to the story and write the correct things.

大町 (大) important | どんなから to how | 朝 (朝) celebration | 赤 (赤) red | おめでたい celebratory
 島 (島) near | イスラム教 Islam | ロマンチック romantic | 例え for example | 飾りつけ decoration
 半分 half

(1) 読みかいて、____にことを書きましょう。(30分)

Listen to the recording and fill in the blanks.

(朝)は 朝に _____ 人が多かったです。
 (朝)は 観光では意外に _____ 人もいます。
 (ランタナ)は 朝も _____、みんなでお茶を飲みました。
 (レバロン)は 朝 _____ います。

① (朝)は朝に _____ 人が多かったです。 (朝)は観光では意外に _____ 人もいます。 → 答え →
 What are the differences between the two sentences? Write the differences in Japanese and English.

② (朝)は朝に _____ 人が多かったです。 (朝)は観光では意外に _____ 人もいます。 → 答え →
 What is the relationship of the sentences that came before and after 5:35?

③ (朝)は朝に _____ 人が多かったです。 (朝)は観光では意外に _____ 人もいます。 → 答え →
 What do you think is the reason?

(2) 読みかいて、①・②の空欄も正しいことを書きましょう。(30分)

Fill in the gaps with correct words and look at the story (1-3) again.

初級2 L9-10 ©The Japan Foundation

5 কথা बला

এই অংশটি হল কর্মকাণ্ডের লক্ষ্য। ধাপে ধাপে এটি অনুশীলন করুন।

১. মডেল কথোপকথনটি শুনুন।

অডিওটি শুনে স্পিচ বাবলের কথোপকথনটি অনুসরণ করুন, যা কিনা Can-do অর্জনে সহায়তা করার জন্য একটি মডেল কথোপকথন। কথোপকথনের ধারাবাহিকতা এবং অভিব্যক্তি সমূহ নিশ্চিত করুন।

২. কথোপকথনটি ছায়ার মতো অনুকরণ করুন

এটি হল সাবলীলভাবে কথা বলতে সক্ষম হওয়ার জন্য একটি অনুশীলন। প্রথমত, পাঠ্যটি দেখার সময় স্পিচ বাবলের কথোপকথনটি ছায়ার মতো অনুকরণ করুন এবং বেশ কয়েকবার পুনরাবৃত্তি করুন। অবশেষে, না দেখে আবার ছায়ার মতো অনুকরণ করে উচ্চারণ করুন।

৩. এটি অনুশীলন করুন

এর পরে, পরবর্তী ধাপের জন্য প্রস্তুতি গ্রহণ করুন: ৪. নির্দিধায় কথা বলুন। কিছু কর্মকাণ্ডের এইগুলি রয়েছে এবং কিছু কর্মকাণ্ডের এইগুলি নেই। স্পিচ বাবল ডায়ালগে শব্দ পরিবর্তন করে এবং ৩ এর উদাহরণমূলক কথোপকথনের বিষয়বস্তু ব্যবহার করে অনুশীলন করুন।

৪. নির্দিধায় কথা বলুন

নিজের সম্পর্কে নির্দিধায় কথা বলুন বা অভিনয় করুন। স্পিচ বাবলের ডায়ালগে (কথোপকথন) শুধুমাত্র শব্দ পরিবর্তন করার পরিবর্তে, বলতে চাওয়া বিষয় নির্দিধায় বলুন। নিজেকে ব্যক্ত করার প্রয়োজনীয় শব্দের জন্য অভিধান বা স্মার্টফোন ব্যবহার করুন।

(5) 祭りや行事について話しましょう。(30分)

Talk about festivals and events.

インドネシアには、どんなお祭りがありますか?
 インドネシアでは、レバロン祭りや伝統的なお祭りです。
 レバロンは、朝早くお祭りです。

いつですか?
 春によつて話します。
 4月です。
 だいたい2月ごろです。

どんなことをするんですか?
 祭りに着て、お祭りで遊びます。
 海外に旅行する人もいます。

何を食べてますか?
 クラップバントという特別な料理や、クッキーなどのお菓子を食べます。

(1) 祭りや行事について話しましょう。(30分)
 Talk about the festival.

(2) ショドローイングしましょう。(30分)
 Shadow the dialog.

(3) ⑤の祭りの内容を、練習しましょう。
 Learn the content of the festival by practicing the dialog.

(4) ⑤の祭りの祭りや行事について、話しましょう。正しいことを日本語で書いたり、英語で話したりしてください。
 Talk about the festival and events of your country. If you do not know what to say in Japanese, try to talk it up.

初級2 L9-11 ©The Japan Foundation

6 Can-do চেক

ছায়ার মতো অনুকরণ (শ্যাডোয়িং) কি?

“ছায়ার মতো অনুকরণ (শ্যাডোয়িং)” হল একটি অনুশীলন পদ্ধতি। অডিওটি শুনুন এবং কথোপকথনটি শেষ হওয়া পর্যন্ত অপেক্ষা না করে, শব্দ শোনার সাথে সাথেই বাক্যগুলি নিচু স্বরে উচ্চারণ করুন। শব্দগুলি অডিওর শব্দের পরপরই ছায়ার মতো অনুকরণ করা উচিত।




おんがくをきくことです。

おんがくをきくことです。

あと、ゲームをするのが好きです。

あと、ゲームをするのが好きです。

সঠিক পদ্ধতি




おんがくを
きくことです。

おんがくを
きくことです。

あと、ゲームを
するのが好きです。

あと、ゲームを
するのが好きです。

ভুল পদ্ধতি





শোনার কর্মকাণ্ড

এই কর্মকাণ্ডের ধাপগুলি কথা বলার কর্মকাণ্ডের মতো হলেও লক্ষ্য হল শ্রবণ ক্ষমতা। প্রয়োজনীয় অংশ শুনে বুঝতে পারলে লক্ষ্য অর্জন করা হয়েছে বলে গণ্য করা হয়।

1 Can-do এর লক্ষ্য

2 শব্দের জন্য প্রস্তুতি

শোনার আগে জানা উচিত এমন শব্দ অধ্যয়ন করুন। কিছু কর্মকাণ্ডের এইগুলি রয়েছে এবং কিছু কর্মকাণ্ডের এইগুলি নেই। ধাপের ক্রমটি কথা বলার কর্মকাণ্ডের মতো একই।

3 শোনা

এই অংশটি হল কর্মকাণ্ডের লক্ষ্য।

১. পরিস্থিতিটি পরীক্ষা করুন

শোনার আগে, চিত্র দেখার সময় কোন ধরনের পরিস্থিতিতে, কোন উদ্দেশ্যে এবং কি শুনা হবে, তা পরীক্ষা করুন।

২. ধাপে ধাপে বিষয়বস্তু বুঝুন

প্রশ্নের উত্তর প্রদান করার সময় শুনুন এবং মূল বিষয়বস্তুটি বুঝুন বিষয়বস্তুর সাথে মেলে এমন চিত্র নির্বাচন করা, কীওয়ার্ড নির্বাচন করা, মূল পয়েন্ট নোট করা এবং সঠিক বা ভুল চিহ্ন প্রদান করার মতো কর্মকাণ্ডের অনুশীলনের বিভিন্ন ধরনের উপায় রয়েছে। যা শুনেছেন তার সবকিছু বোঝার কোনো প্রয়োজন নেই। প্রশ্নের উত্তর প্রদান করতে পারলে Can-do অর্জন করা হয়েছে বলে গণ্য করা হয়।

৩. শব্দগুলি পরীক্ষা করুন এবং আবার শুনুন।

এটি হল বিষয়বস্তুকে আরও বিশদভাবে শুনতে সহায়তা করার জন্য একটি অতিরিক্ত কর্মকাণ্ড। পাঠ্যবইয়ের নতুন শব্দ ও অভিব্যক্তির অর্থ পরীক্ষা করার পর আবার শুনুন। প্রাথমিক লেভেলে সামান্য কিছু কঠিন শব্দ রয়েছে বিধায় সবকিছু মুখস্থ করার প্রয়োজন নেই।

➔ বুঝতে না পারা অংশগুলি পরীক্ষা করতে চাইলে, পিছনের লিসেনিং স্ক্রিপ্টটি দেখতে পারেন।

4 ফর্মের উপর মনোযোগ দেওয়া

যা শুনা হয়েছে তার উপর ভিত্তি করে নতুন ব্যাকরণ এবং অভিব্যক্তির উপর মনোযোগ দিন। ধাপের ক্রমটি কথা বলার কর্মকাণ্ডের মতো একই। নতুন ব্যাকরণ বা অভিব্যক্তি থাকলেই পাঠে এই অংশটি থাকবে।

5 Can-do চেক

トピック 季節と天気 初級 1

3 冬はともども寒くなります

2 春は桜の花が咲きます

1 桜は桜の花が咲きます

08 日本の四季について短い動画を見て、季節の特徴を理解することができます。

ことばの準備

1 春は桜の花が咲きます

2 春は桜の花が咲きます

3 春は桜の花が咲きます

初級 1 L3-1 ©The Japan Foundation

トピック 日本 初級 1

3 日本で暮らす

1 日本で暮らす

2 日本で暮らす

3 日本で暮らす

初級 1 L3-2 ©The Japan Foundation

トピック 形に注目 初級 1

4 形に注目

1 形に注目

2 形に注目

初級 1 L3-3 ©The Japan Foundation



পড়ার কর্মকাণ্ড

1 Can-do এর লক্ষ্য

2 পড়া

এই অংশটি হল কর্মকাণ্ডের লক্ষ্য।

১. পরিস্থিতিটি নিশ্চিত করুন

পড়ার আগে, কোন ধরণের পরিস্থিতিতে, কোন উদ্দেশ্যে এবং কী পড়া হবে, তা পরীক্ষা করুন।

২. ধাপে ধাপে বিষয়বস্তু বুঝুন

প্রশ্নের উত্তর প্রদান করার সময় পড়ুন এবং মূল বিষয়বস্তুটি বুঝুন প্রথমত, আলোচ্য বিষয় কি ও মূল তথ্য কোথায় রয়েছে; ইত্যাদির মতো মৌলিক রূপরেখা বোঝার পরে, কিছুটা বিস্তারিত তথ্য অর্জন করা যায়। সবকিছু বোঝার কোনো প্রয়োজন নেই; প্রশ্নের উত্তর প্রদান করতে পারলে, Can-do অর্জন করা হয়েছে বলে গণ্য করা হয়।

সাধারণত, জাপানে দৈনন্দিন জীবনে যে পাঠ্য দেখতে পাওয়া যায় তাতে কোনো ফুরিগানা (রুবি অক্ষর) নেই। ঠিক বাস্তবের মতোই এই পড়ার উপকরণে কোনও ফুরিগানা নেই। সম্ভবত জাপানে আপনার দৈনন্দিন জীবনে অনেক অজানা শব্দ এবং কাজি দেখতে পাবেন। সেটির জন্য প্রস্তুতি হিসাবে, প্রথমে শব্দের অর্থ পরীক্ষা বা অভিধান ব্যবহার না করে, যোগসূত্র হিসাবে বোধগম্য শব্দ, ফটো, ইলাস্ট্রেশন, ইত্যাদি ব্যবহার করে, অনুমান করে পড়ার চেষ্টা করুন।

🔥 **たいせつ 大切なことば** দরকারী শব্দ নিশ্চিত করুন

দরকারী শব্দ হল, এমন শব্দ যা কিনা প্রাথমিক লেভেলের শিক্ষার্থীর

শেখা উচিত বা জাপানে বসবাস করার সময় দরকারী হবে। প্রথমে, কোনো কিছু না দেখে পাঠ্যটি পড়ুন। তারপর, এই দরকারী শব্দের অর্থ নিশ্চিত করে, অজানা শব্দ ও কাজি পড়ার পদ্ধতি অভিধানে সন্ধান করুন। এর পরে, পাঠ্যটি আবার পড়ার চেষ্টা করলে ভাল হয়।


৩. পড়া বিষয়বস্তু সম্পর্কে আরো গভীরভাবে বোঝার চেষ্টা করুন।

প্রশ্নের উত্তর প্রদান করে, নিজের অভিজ্ঞতার দিকে ফিরে তাকিয়ে, নিজের দেশের সাথে তাদের তুলনা করে আরো গভীরভাবে বুঝতে পারবেন। ক্লাস আলোচনার সময়, স্থানীয় ভাষা ব্যবহার করায় কোনো সমস্যা নেই। কিছু কর্মকাণ্ডের এই ধাপ রয়েছে এবং কিছু কর্মকাণ্ডের এই ধাপ নেই।

3 ফর্মের উপর মনোযোগ দেওয়া

প্রাথমিক লেভেলের জন্য জানা উচিত এমন ব্যাকরণ ও অভিব্যক্তি আপনার পড়া পাঠ্য থেকে বাছাই করা হয়েছে। ধাপগুলি কথা বলা এবং শোনার কর্মকাণ্ডের মতো একই, তবে পড়ার কর্মকাণ্ডের জন্য কোনো অডিও ফাইল নেই। পাঠ্যটি দেখুন এবং শব্দ দিয়ে আন্ডারলাইন করা ফাঁকা জায়গা পূরণ করুন। কিছু কর্মকাণ্ডের এই অংশগুলি রয়েছে এবং কিছু কর্মকাণ্ডের এইগুলি নেই।

4 Can-do চেক





লেখার কর্মকাণ্ড

① Can-do এর লক্ষ্য

② লেখা

১. সেটিংস নিশ্চিত করা

লেখার আগে, কোন ধরনের পরিস্থিতিতে, কোন উদ্দেশ্যে এবং কী লেখা হবে, তা পরীক্ষা করুন।

২. উদাহরণটি পড়ুন।

উদাহরণ থাকলে, লেখার বিষয় সম্পর্কে পরিষ্কার ধারণা পেতে সেগুলি পড়া উচিত। কিছু ক্ষেত্রে, পূর্ববর্তী পড়ার কর্মকাণ্ডকে এটির জন্য মডেল (উদাহরণ) হিসাবে প্রদান করা হতে পারে।

৩. লেখা

বাস্তব জীবনের পরিস্থিতিতে, ফর্ম পূরণ করার সময় হাতে লেখা হয় বা বার্তা পাঠানোর সময় স্মার্টফোন বা কীবোর্ড ব্যবহার করা হয়। বার্তা ও সোশ্যাল মিডিয়ার জন্য, যতটা সম্ভব স্মার্টফোন বা কীবোর্ডে টাইপ করে, প্রেরণ করুন বা পোস্ট করুন।

৪. লেখা বস্তুর জন্য ফিডব্যাক গ্রহণ করা

সহপাঠীর সাথে পরস্পরের লেখা পড়ুন, মন্তব্য করুন এবং উত্তর তৈরি করুন। পাঠকের দৃষ্টিকোণ থেকে ফিডব্যাক গ্রহণ করে, তাদের অবস্থান থেকে লিখতে পারবেন। কিছু কর্মকাণ্ডের এই ধাপ রয়েছে এবং কিছু কর্মকাণ্ডের এই ধাপ নেই।

③ Can-do চেক

7.1 先に読んでおくと便利です

4. 30分おくれます

23 待ち合わせの時刻に遅れることを伝え、メッセージを送ることが出来ます。

1

■ メッセージを送りましょう。

Write a message to them.

▶ 待ち合わせの時刻に遅れるので、相手にメッセージを送ります。

You are sending a message to say you will be late for the arranged time.

待ち合わせの時刻に遅れるので、相手にメッセージを送ります。

例を参考に、メッセージを送りましょう。遅れる理由や時間は自由に考えましょう。

Write a message. Think about the reason and how late you will be.

2

送信日時 Send time

送信先 Recipient

送信内容 Send content

■ メッセージもらった人は、返信を書いて送りましょう。

If you receive a message, write your reply and send it.

初級 | L7 - 8 ©The Japan Foundation

3 অন্যান্য বিভাগ এবং তাদের ধাপ

কাজি শব্দ

এটি শব্দ সহ প্রাথমিক লেভেলের কাজি অনুশীলন করার জন্য একটি বিভাগ। লক্ষ্য হল দৈনন্দিন জীবনের জন্য প্রয়োজনীয় কাজির অর্থ দেখে বুঝতে সক্ষম হওয়া এবং প্রয়োজনে স্মার্টফোন বা পিসিতে কাজি টাইপ করতে সক্ষম হওয়া।

প্রতিটি পাঠে, এই বিভাগে কর্মকাণ্ডের মধ্যে থেকে প্রায় ১০ টি কাজি শব্দ অন্তর্ভুক্ত রয়েছে। (সূচনা, প্রাথমিক ১ এবং প্রাথমিক ২ এ মোট ৪২৯ টি কাজি সম্পর্কে শিক্ষা গ্রহণ করা হবে।) ধাপগুলো নিচে দেওয়া হলো:

1 কাজি পড়ার পদ্ধতি এবং অর্থ পরীক্ষা করা

শব্দের অর্থ পরীক্ষা করার সময় কাজি পড়ার পদ্ধতির উপর মনোযোগ প্রদান করা। বিভিন্ন ধরণের ফন্টে অভ্যস্ত হওয়ার জন্য, কাজি তিনটি ভিন্ন ফন্টে লেখা হয়েছে।

2 একটি বাক্যে কাজি পড়ুন

কাজি অন্তর্ভুক্ত রয়েছে এমন একটি বাক্য পড়ুন।

3 কাজি শব্দ টাইপ করুন

আপনার স্মার্টফোন, ট্যাবলেট বা কীবোর্ডে কাজি শব্দ টাইপ করে, সঠিকভাবে কাজি টাইপ করতে পারেন কিনা, তা পরীক্ষা করুন। হাতে কাজি লিখতে সক্ষম হওয়ার কোনো প্রয়োজন নেই, তবে কাজিতে আগ্রহী হলে এবং হাতের লেখা অনুশীলন করতে চাইলে নির্ধািত তা করতে পারেন।

漢字のこぼ

1. 読んで、意味を確認しましょう。
Read and check the meaning of the following Kanji.

学生	学生	学生	仕事	仕事
学校	学校	学校	元気(女)	元気
生活	生活	生活	忙しい	忙しい
去年	去年	去年	働く	働く
先週	先週	先週	作る	作る

2. この漢字に注釈して読みましょう。
Read the Kanji and check the meaning of the following sentences.

3. この____のことばも、キーボードやスマートフォンで入力しましょう。
Write the Kanji on your smartphone keyboard.

ব্যাকরণের জন্য নোট

এগুলি হল প্রতিটি পাঠের ব্যাকরণগত পয়েন্টের ব্যাখ্যা। এগুলি প্রতিটি কর্মকাণ্ডের “ফর্মের উপর মনোযোগ দেওয়া” অংশ থেকে ব্যাকরণ এবং অভিব্যক্তিকে অন্তর্ভুক্ত করে। “ফর্মের উপর মনোযোগ দেওয়া” অংশের প্রশ্নের উত্তর পরীক্ষা করার জন্য এই বিভাগটি পড়ুন।

এই ব্যাখ্যা কর্মকাণ্ডে ব্যাকরণ ও অভিব্যক্তির ফর্ম, অর্থ ও ব্যবহারকে অন্তর্ভুক্ত করে। এছাড়াও ব্যাকরণের ব্যবহারের সাথে অতিরিক্ত তথ্য ও অতিরিক্ত উদাহরণমূলক বাক্য রয়েছে, যা কিনা পাঠ্যপুস্তকের কর্মকাণ্ডে অন্তর্ভুক্ত নয়। উপরন্তু, ব্যাকরণ সম্পর্কে জ্ঞানকে সংগঠিত করার জন্য, সংযোজন সারণী, অনুরূপ অভিব্যক্তির তুলনা ইত্যাদি রয়েছে।

ক্লাসে, “ফর্মের উপর মনোযোগ দেওয়া” অংশের জন্য, শিক্ষার্থীদের প্রথমে ব্যাকরণ এবং অভিব্যক্তি ব্যবহার করার পদ্ধতি সম্পর্কে চিন্তা করা উচিত। পরে, তারা ব্যাখ্যা পড়তে পারে অথবা শিক্ষক তাদের ব্যাখ্যা প্রদান করতে পারে। আরেকটি বিকল্প হল, ক্লাসে এই বিভাগটিকে সহজভাবে স্পর্শ করার পর, শিক্ষার্থী কর্তৃক হোমওয়ার্ক হিসাবে ব্যাখ্যা পড়া।

文法ノート

V-(ら)ます < Potential-form

新語彙のことばもこのように使えます。

Lesson 5 explains that the dictionary form verb のことば is used to express that a certain action is possible because of the situation, such as 食べられます (can eat) or 働けます (can work). You can use dictionary verbs at this restaurant. 食べられます can also be expressed by the form of the verb 食べ(ら)ます 食べ(ら)ます.

This form is called the potential-form. The potential-form is used to describe the ability and possibility of something.

The 3-sound verb sentence 食べ(ら)ます changes to 食べ(ら)めます when the verb takes the potential-form. 食べ(ら)ます is read りんぼくは食べ(ら)ます (I can eat apples).

1グループ: 食べる (たべ) → 食べ(ら)ます (たべらます)

2グループ: 働く (はたら) → 働(ら)めます (はたらけます)

3グループ: 作る (つく) → 作(ら)れます (つくれます)

এই পাঠ্যপুস্তকটিতে সংহত করার লক্ষ্যে ব্যাকরণের অনুশীলন অন্তর্ভুক্ত করা হয়নি। প্রয়োজনে, “মারুগোতো নো রিকাই” (যোগাযোগমূলক ভাষার দক্ষতার জন্য কোর্সবুক) ইত্যাদির মতো অন্য একটি পাঠ্যপুস্তক ব্যবহার করুন। তবে, শিক্ষকের উচিত Can-do এর সাথে সম্পর্কিত ব্যাকরণের অনুশীলন সেট করা।

এই বিভাগের ব্যাখ্যা ইংরেজিতে পড়া উচিত (বা একটি স্থানীয় ভাষায়*)। জাপানি ভাষা শুধুমাত্র শিক্ষকের সহায়তার জন্য, তাই কোনো শিক্ষার্থীর এই জাপানি ভাষা পড়ে বোঝার জন্য কোনো প্রয়োজন নেই।

এই বিভাগে, বাচন ইত্যাদির বিভিন্ন অংশের জন্য নিচের চিহ্ন ব্যবহার করা হয়েছে।

N …… বিশেষ্য
 ナ A …… ナ-বিশেষণ
 イ A …… イ-বিশেষণ
 V …… ক্রিয়াপদ
 S …… বাক্য

V-る এর অর্থ হল ক্রিয়াপদের ডিকশনারি-ফর্ম। এটির মধ্যে る দিয়ে শেষ না হওয়া 読む বা 行く এর মতো ক্রিয়াপদ অন্তর্ভুক্ত রয়েছে।

■ জাপানে জীবনযাপনের জন্য টিপস

এই কলামটি জাপানের জীবনের জন্য দরকারী জ্ঞান অন্তর্ভুক্ত করে। প্রচুর আলোকচিত্র ও চিত্র দিয়ে জাপানের জীবন এবং জাপানি সংস্কৃতি সম্পর্কে জানতে পারবেন।

বিশেষ করে জাপানে কখনো ছিলেন না, এমন শিক্ষার্থীর জন্য, প্রতিটি পাঠের আলোচ্য বিষয় মূল পাঠ্য থেকে বাছাই করা হয়েছে। এছাড়াও জাপানে বসবাস করার সময় জানার প্রয়োজন, এমন সহায়তামূলক তথ্য অন্তর্ভুক্ত রয়েছে। একটি কর্মকাণ্ডের পরে, নিজে এই বিভাগটি পড়া বা ক্লাসে দেখা যাবে। কর্মকাণ্ডে দেখা কোনো কিছু সম্পর্কে ব্যাখ্যা গ্রহণ করতে চাইলে, বিভাগটি পরীক্ষা করা উচিত।

“ব্যাকরণের জন্য নোট” এর মতো এই বিভাগটি ইংরেজিতে পড়া উচিত (বা একটি স্থানীয় ভাষায়*)। জাপানি ভাষা শুধুমাত্র শিক্ষকের সহায়তার জন্য, তাই কোনো শিক্ষার্থীর এই জাপানি ভাষা পড়ে বোঝার জন্য কোনো প্রয়োজন নেই।

日本の生活 Tips

● **バーベキュー Barbecue**

Barbecues are a way of grilling and eating food outdoors. Many countries enjoy barbecuing, especially Japan. Japanese barbecues are special in the following ways:

- You can grill meat with squash, onions, corn, and other vegetables, as well as shrimp, squid, shellfish, and other seafood.
- In some countries, you start eating after all the food is cooked. However, in Japanese barbecue, cooking and eating go on at the same time.
- Tables that need to be put away or folded up are typically water-lent.
- It is common to rent barbecue equipment at parks and campsites.
- You can rent and buy everything you need (equipment, food, drink, etc.) at some barbecue places.
- Barbecue places on rooftops or terraces in cities have also become popular recently.

※ 日本では、肉や野菜を焼いて食べるバーベキューは、日本だけでなく海外でも人気のある食文化です。日本では、肉や野菜を焼いて食べるバーベキューは、日本だけでなく海外でも人気のある食文化です。

● **スーパーの惣菜コーナー Cooked dishes in supermarkets**

In the cooked-dish section of a supermarket, side dishes are sold. You can buy them, bring them home, and eat a meal without cooking. Common side dishes are fried foods (such as croquette), yakitori (grilled chicken), omoten (bottled dishes), and salads. Supermarkets sell common side dishes that families often make at home and hard-to-prepare side dishes that are not easily made at home.

People who are too busy to cook like cooked-dish sections in supermarkets. Some people also use this section to buy some healthy food. These dishes are sold at a discount before the store closes.

※ スーパーの惣菜コーナーでは、惣菜が売られています。肉や野菜を焼いて食べるバーベキューは、日本だけでなく海外でも人気のある食文化です。スーパーの惣菜コーナーでは、惣菜が売られています。肉や野菜を焼いて食べるバーベキューは、日本だけでなく海外でも人気のある食文化です。

初級1 L11 - 20 ©The Japan Foundation